

দৈনিক

ইংরেজ ফাণ্ট

সোমবার, ৩১শে বৈশাখ, ১৪০৮ □ Monday, 14 May, 2001



আসছে গ্রামীণ মিউচুয়াল ফাণ্ট

দেশের বেসরকারীখাতে দ্বিতীয় মিউচুয়াল ফাণ্ট গ্রামীণ মিউচুয়াল ফাণ্ট বাজারে আসছে। গত সপ্তাহে আনুষ্ঠানিকভাবে এই মিউচুয়াল ফাণ্টটি বাজারে আত্মপ্রকাশ করেছে। গ্রামীণ ব্যাংকে উদ্যোগে এই মিউচুয়াল ফাণ্টটি আগামী ৫ থেকে ৬ মাসের মধ্যে পুঁজি বাজারে চলে আসবে। এ উপলক্ষ্মে গ্রামীণ ব্যাংকের উদ্যোগে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। স্থানীয় একটি হোটেলে গ্রামীণ মিউচুয়াল ফাণ্টের এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী "এ্যাসেট এণ্ড ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট সার্ভিসেস (এইমস) অব বাংলাদেশের চেয়ারম্যান মঞ্জুরুল হক অনুষ্ঠানটি পরিচালনা করেন।

এই গ্রামীণ মিউচুয়াল ফাণ্টে বার্ষিক ন্যূনতম ১০ শতাংশ রিটার্ন বা লভ্যাংশ নিশ্চিত করা হবে। তবে কোনো বছরে এর চেয়ে বেশী হারে মুনাফা হলে বর্ধিত হারেই লভ্যাংশ দেয়া হবে। দীর্ঘমেয়াদী ফিস্বড ইন্টারেন্স সিকিউরিটিস বিনিয়োগের মাধ্যমে তা নিশ্চিত করা সম্ভব হবে। ফাণ্টের আয়তন হবে ১২ থেকে ১৫ কোটি টাকার মধ্যে। ফাণ্টের একটি নির্দিষ্ট অংশ অগ্রাধিকার মূলকভাবে গ্রামীণের সদস্যরা পাবে। আরেকটি অংশ আইপিও-এর মাধ্যমে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের জন্য ছাড়া হবে। কিছু অংশ প্রাইভেট প্রেসমেন্টেও দেয়া হবে। স্টার্ট চার্টার্ড ব্যাংক ফাণ্টের কাস্টডিয়ান সার্ভিস প্রদানকারী হিসেবে কাজ করবে।

ফাণ্ট প্রসংগে গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ডঃ মুহাম্মদ ইউনুস বলেছেন, মূলত গ্রামীণ পরিবারের সদস্য হিসেবে দরিদ্র লোকজন বিশেষত দরিদ্র মহিলাদের ছোট ছোট সঞ্চয় একত্র করে এভাবে পুঁজি বাজারে নিয়ে আসার ফলে এই বিপুল দরিদ্র জনসাধারণও বিরাট একটি উদ্যোগের সাথে সম্পৃক্ত হতে যাচ্ছে। এই ফাণ্টে তারা সহজেই স্বল্প পরিমাণ অর্থ বিনিয়োগ করতে পারবে যা বৃদ্ধি বয়সে তাদের জন্য পেলশন ক্ষীমের কাজ করবে। ফাণ্টের ট্রান্সি কমিটিতে থাকবেন এম হাফিজ উদ্দিন খান, গিয়াসউদ্দিন আহমেদ এবং কাজী সুলতান আহমেদ। গ্রামীণ ফাণ্টের ব্যবস্থাপনা পরিচালক হচ্ছেন এ এ কোরেশী। □ এমএ হোসেন